# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৫. ৩৭. রুটিতে হাত ডুবাল কে? যীশু না যিহূদা?

মথির ২৬ অধ্যায়ে রয়েছে, যীশু তাঁর ১২ শিষ্যকে বলেন: ‘‘তোমাদের মধ্যে এক জন আমার সঙ্গে বিশ্বাসঘাতকতা করবে। তখন তাঁরা অত্যন্ত দুঃখিত হয়ে প্রত্যেক জন তাঁকে বলতে লাগলেন, প্রভু, সে কি আমি? জবাবে তিনি বললেন, যে আমার সঙ্গে ভোজনপাত্রে হাত ডুবালো, সেই আমার সঙ্গে বিশ্বাসঘাতকতা করবে। ... তখন যে তাঁর সঙ্গে বিশ্বাস-ঘাতকতা করবে, সেই এহুদা বললো, রবিব, সে কি আমি? তিনি তাঁকে বললেন, তুমিই বললে।’’ (মথি ২৬/২১-২৫, মো.-১৩)

যোহনের ১৩ অধ্যায়ের বর্ণনায় যীশু বলেন: ‘‘তোমাদের মধ্যে এক জন আমার সঙ্গে বিশ্বাসঘাতকতা করবে। সাহাবীরা এক জন অন্যের দিকে তাকাতে লাগলেন, স্থির করতে পারলেন না, তিনি কার বিষয় বললেন। ... জবাবে ঈসা বললেন, যার জন্য আমি রুটিখণ্ড ডুবাবো ও যাকে দেব, সেই। পরে তিনি রুটিখণ্ড ডুবিয়ে নিয়ে ঈষ্কোরিয়োতীয় শিমোনের পুত্র এহুদাকে দিলেন। (যোহন/ ইউহোন্না ১৩/২১-২৬, মো.-১৩)

মথির বর্ণনা অনুসারে যিহূদা নিজে হাত ডুবালেন। আর যোহনের বর্ণনা অনুসারে যীশু নিজে হাত ডুবালেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14033

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন